ভেজাল দুধ তৈরীর কারখানায় র্যাবের অভিযান, ১ লক্ষ ৭০ হাজার টাকা জরিমানা

সুজানগর প্রতিনিধি: সুজানগর
উপজেলার দুলাই ইউনিয়নের
আন্ধারকোটা গ্রামে শনিবার (১৪
মে) র্যাব পাবনা-১২’র সদস্যরা
অভিযান চালিয়ে ভেজাল দুধ ও দুধ
তৈরীর সামগ্রীসহ দুই ব্যক্তি
গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতরা হলো আন্ধারকোটা গ্রামের তমিজ সরদারের ছেলে বকুল সরদার (৩০) ও দুলাই গ্রামের ইসলাম মোল্লার ছেলে হারুন মোল্লা (২৫)। এসময় তাদের কাছ থেকে ৩২০লিটার ভেজাল দুধ, ৫৭লিটার সয়াবিন, ৪টি বেলেন্টার মেশিনও দুই কেজি গ্লুকোজ উদ্ধার করা করা হয়।

আটকের পরে তাদের ভ্রাম্যমান আদালতে হাজির করা হলে নির্বাহী ম্যাজষ্ট্রেট ১ লক্ষ ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেন।

পাবনা ক্যাম্পের র্যাবের এস,আই মিজানুর রহমান জানান, উক্ত বকুল বেশ কিছুদিন ধরে তার নিজ বাড়িতে হারুনের সহযোগিতায় ভেজাল দুধ তৈরী করে বিভিন্ন কোম্পানীতে বিক্রি করে আসছিল।

শনিবার সকাল ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ভেজাল দুধ তৈরীকালে হাতে-নাতে তাদের গ্রেফতার করা হয়। পরে তাদের ভ্রাম্যমাণ আদালতে সোপর্দ করা হলে আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সুজানগর উপজেলা নির্বাহী অফিসার সাখাওয়াত হোসেন ১লক্ষ ৭০হাজার টাকা জরিমানা আদায় করে ছেড়ে দেন।

উদ্ধারকৃত দুধ স্থানীয় আত্রাই নদীতে ফেলে নষ্ট করা হয়েছে এবং অন্যান্য সামগ্রী যথাযথ আইনী প্রক্রিয়ার আওতায় আনার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।